রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ৩৫ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ৩০, ২০১৮

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫১৭—৫২৭ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারিকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারিকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪১ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৯৪৯—৯৬০ | ক্রোড়পত্র—সংখ্যা<br>(১) ....... সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী।<br>(২) ....... বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | <br>নাই<br>নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৬৫—১৬৮ | (৩) ....... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) ....... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) ....... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১১৯৫—১৩১৯ | (৬) ....... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) কর্তৃপক্ষ**
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ ভাদ্র ১৪২৫/১৬ আগস্ট ২০১৮

নং- ০৩.১১.২৬৮০.৮৫৭.০৭.০০৪.১৭-৭১২—পিপিপি কর্তৃপক্ষের নিম্নরূপ তহবিল পরিচালনা পদ্ধতি বাংলাদেশ সরকারি-বেসরকারি অংশীদারিত্ব আইন, ২০১৫ অনুযায়ী পিপিপি কর্তৃপক্ষের বোর্ড অব গভর্নরস অনুমোদন করেছে:-

### Public Private Partnership (PPP) Authority Fund Operating Procedure

1. The Public Private Partnership Authority (PPP Authority) shall hold one or more accounts in the Scheduled Banks.
2. All transactions of the PPP Authority shall be carried out through these accounts.

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

3. All funds received by the PPP Authority as provided by Section 37 of the Bangladesh Public-Private Partnership Act, 2015 (PPP Act) shall be deposited in and administered through these accounts. These funds may be deposited in one or more Fixed Deposit Receipt (FDR) accounts at any of the Scheduled Bank(s).

4. The funds received from government as budget allocation for use of all kinds of revenue expenditure shall be deposited in one of the government owned Scheduled Bank accounts. Additional funds received from government and/or development partners, and any interest earned on these funds may be deposited in other Scheduled Banks account and shall be used for services, works, goods and other related expenditure.

5. Funds received as project development cost as part of the Project Development Fee collected from the selected bidder shall be deposited in the PPPTAF accounts as the PPPTAF is considered as revolving fund.

6. Funds received as service charges and success fees from private organisations and income from other legal sources including interest, training fees, document sales etc. ("PPP Authority Income") shall be used by the PPP Authority to meet payments for the expenditure heads set out in Annex 1.

7. The PPP Authority shall maintain a budget for revenue expenditure approved by Prime Minister's Office and a separate budget for expenditure funded by PPP Authority Income approved by the Chief Executive Officer (CEO); the funds shall be administered in accordance with the budgets.

8. The funds from the said accounts shall not be expended or any liabilities incurred without the prior approval of the CEO of the PPP Authority.

9. The CEO shall exercise all powers delegated to him/her in carrying out his/her duties under the PPP Act.

10. The CEO shall be able to delegate any of his/her financial powers either partly or fully, in relation to operation of funds and/or other functions to any other officer of the PPP Authority.

11. The CEO shall not exercise his/her powers of sanctioning expenditure to pass an order which shall directly or indirectly be to his/her advantage.

12. The CEO shall be responsible for enforcing financial order and strict economy at every step and shall ensure that all expenditure is carried out in accordance with the budget. He shall further be responsible for observance of all financial rules and regulations.

13. The CEO shall be the controlling officer and shall ensure that the total expenditure is kept within the limit of sanctioned appropriation and that the funds are expended in the public interest and upon objects for which the money was provided. Further, he shall be in a position to assume before the Government of Bangladesh, if necessary, complete responsibility for departmental expenditure and to explain and justify any instance of excess or financial irregularity that may be brought to notice as a result of audit scrutiny or otherwise.

২। জনস্বার্থে জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

**সৈয়দ আফসর এইচ উদ্দিন**
প্রধান নির্বাহী কর্মকর্তা

**Annex 1**
**Expenditure Heads for PPP Authority Income**

The PPP Authority may apply its income to meet any of the expenditure heads sets out below:

1. Consultants (individuals and firms)
2. Investment promotion events and products (local and overseas)
3. Training events (local and overseas)
4. Publications and printing
5. Travel and logistics support
6. Office equipment, furnishings and facilities
7. Hospitality for investors and stakeholders
8. Any activity permissible under the PPP Act

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ জুলাই ২০১৮

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২০.১৬-৪৫৭**—The Insurance Corporations Act, 1973 এর ৭(১) ও ৭(৩) ধারার প্রদত্ত ক্ষমতাবলে প্রফেসর ড. মোঃ আবু তাহের, ব্যবস্থাপনা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-কে জীবন বীমা কর্পোরেশন এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইদুর রহমান**
উপসচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[শুল্ক]**

**বিশেষ আদেশ**

তারিখ : ০৪ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/১৯ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ২৮৩/২০১৮/শুল্ক/৪০৩**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স মাসুদ এন্টারপ্রাইজ নামীয় শুল্কমুক্ত বিপণীর (বন্ড লাইসেন্স
নং-১৮৮৯/কাস-এস বি ডব্লিউ/২০১৮, তাং-১৫-০৩-২০১৮) বিপরীতে ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য নিম্নে বর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হলো :

| ক্রমিক নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ০১. | সিগারেট, সিগার ও টোব্যাকো | ১,৫০,০০০.০০ |
| ০২. | লিকার ও অন্যান্য ড্রিংকস্ (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে) | ১,০০,০০০.০০ |
| ০৩. | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ২৫,০০০.০০ |
| ০৪. | কনফেকশনারী, ইলেক্ট্রনিক্স, গিফট আইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ | ২৫,০০০.০০ |
| | সর্বমোট = | ৩,০০,০০০.০০ |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**প্রকাশ দেওয়ান**
সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)।

---

**(একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত)**
**কৃষি মন্ত্রণালয়**
**সম্প্রসারণ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ জুন ২০১৮

**নং ১২.০০.০০০০.৯৯.০২৯.১৩/২৩২**—The Agricultural Produce Markets Regulation Act, 1964 (সংশোধিত ১৯৮৫) এর ৩নং ধারার ১নং উপ-ধারায় অর্পিত ক্ষমতাবলে সরকার তালিকায় বর্ণিত বাজারগুলিকে ১ জুলাই, ২০১৮ তারিখ হইতে উক্ত আইনের তপশিলে (Schedule) বর্ণিত কৃষি পণ্যের ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে 'প্রজ্ঞাপিত বাজার' হিসাবে ঘোষণা করিল।

২। **নিম্নবর্ণিত** প্রজ্ঞাপিত বাজারগুলিতে **উক্ত আইনের ৪(১) ধারায় উল্লিখিত সকল শ্রেণির বাজারকারবারীগণকে** (Market Functionary) **মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক লাইসেন্স প্রদান করা হইবে।**

৩। এই বিজ্ঞপ্তি প্রকাশের এক মাসের মধ্যে **বাজারকারবারীগণকে** (Market Functionary) স্থানীয় জেলা বাজার কর্মকর্তা/জেলা বাজার অনুসন্ধানকারীগণের নিকট হইতে লাইসেন্সের আবেদন ফরম সংগ্রহ করতঃ লাইসেন্সের জন্য আবেদন করিতে অনুরোধ করা হইল।

**ক) ঢাকা বিভাগ :**

| ক্র. নং | জেলার নাম | উপজেলার নাম | বাজারের নাম |
|---|---|---|---|
| ০১ | নারায়ণগঞ্জ | বন্দর | লাঙ্গালবন্দ বাজার |
| ০২ | ঐ | সোনারগাঁ | পঞ্চমীঘাট বাজার |
| ০৩ | ঐ | সোনারগাঁ | নয়াপুরহাট বাজার |
| ০৪ | ঐ | আড়াইহাজার | কালীবাড়ী বাজার |
| ০৫ | ঐ | রূপগঞ্জ | পুটিনা বাজার |
| ০৬ | ঐ | ঐ | আতলাপুর বাজার |
| ০৭ | ঐ | ঐ | কাঞ্চন বাজার |
| ০৮ | ঐ | ঐ | বিরাব বাজার |

**খ) চট্টগ্রাম বিভাগ :**

| ক্র. নং | জেলার নাম | উপজেলার নাম | বাজারের নাম |
|---|---|---|---|
| ০৯ | রাঙ্গামাটি | রাজস্থলী | বাঙ্গালহালিয়া বাজার |
| ১০ | ঐ | বিলাইছড়ি | বিলাইছড়ি বাজার |
| ১১ | ঐ | কাউখালী | কাউখালী বাজার |
| ১২ | ঐ | নানিয়ারচর | নানিয়ারচর বাজার |
| ১৩ | ঐ | বরকল | ছোটহরিণা বাজার |
| ১৪ | ঐ | বাঘাইছড়ি | মারিশ্যা বাজার |
| ১৫ | কক্সবাজার | চকরিয়া | বদরখালী বাজার |
| ১৬ | ঐ | উখিয়া | কোর্ট বাজার |
| ১৭ | নোয়াখালী | সেনবাগ | সেবারহাট |
| ১৮ | ঐ | নোয়াখালী সদর | সোনাপুর বাজার |

**খ) সিলেট বিভাগ :**

| ক্র. নং | জেলার নাম | উপজেলার নাম | বাজারের নাম |
|---|---|---|---|
| ১৯ | সিলেট | দক্ষিণ সুরমা | মোগলা বাজার |
| ২০ | ঐ | বিশ্বনাথ | মাহতাবপুর বাজার |
| ২১ | হবিগঞ্জ | মাধবপুর | মনতলা বাজার |
| ২২ | ঐ | নবীগঞ্জ | এনায়েতগঞ্জ বাজার |
| ২৩ | ঐ | লাখাই | বুল্লা বাজার |

**খ) খুলনা বিভাগ :**

| ক্র. নং | জেলার নাম | উপজেলার নাম | বাজারের নাম |
|---|---|---|---|
| ২৪ | বাগেরহাট | রামপাল | গিলাতলা বাজার |
| ২৫ | ঐ | ঐ | গৌরম্ভা বাজার |
| ২৬ | ঐ | চিতলমারী | নালুয়া বাজার |
| ২৭ | ঐ | মোংলা | দিগরাজ বাজার |
| ২৮ | ঐ | ঐ | বৈদ্যমারী বাজার |
| ২৯ | ঐ | ঐ | চিলা বাজার |
| ৩০ | ঐ | শরণখোলা | আমড়াগাছিয়া বাজার |
| ৩১ | ঐ | ঐ | তাফালবাড়ী বাজার |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পরিতোষ হাজরা**
উপসচিব।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন-১৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ শ্রাবণ ১৪২৫/১৮ জুলাই ২০১৮

**নং ২৫.০১৫.০০১.০২.০০.০০৩.০৮-৪১০**—The Abandoned Buildings (Supplementary Procision) Ordinance, 1985 এর ৯ নম্বর ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গঠিত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ১ম কোর্ট অব সেটেলমেন্ট ও ২য় কোর্ট অব সেটেলমেন্টের মেয়াদ সরকার ০১ জুন ২০১৮ হতে ৩১ মে ২০১৯ পর্যন্ত বৃদ্ধি করলেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুল কাইয়ুম চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ শ্রাবণ ১৪২৫/৩০ জুলাই ২০১৮

**নং ৩৯.০০.০০০০.০১২.০০২.০৪.১৮-১১৪**—২০১৮-২০১৯ অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক "গবেষণা মঞ্জুরি" খাতের 'প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে' অনুদান প্রদানের লক্ষ্যে প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই/নির্বাচন এবং সুপারিশ প্রদানের জন্য ফিজিক্যাল সায়েন্স বিষয়ে নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

১। অধ্যাপক ড. সুব্রত কুমার আদিত্য, ফলিত পদার্থ বিজ্ঞান, ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

২। অধ্যাপক ড. মোঃ আবদুর রশিদ সরকার, যন্ত্রকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৩। অধ্যাপক ড. মোঃ নূরুল আলম, পদার্থ বিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।

**সদস্য-সচিব**

৪। উপসচিব, অধিশাখা-১২, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**একেএম তারেক**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ শ্রাবণ ১৪২৫/১৮ জুলাই ২০১৮

**নং ৩৯.০০.০০০০.০৯.২২.৮৯.১৭-১৮/৬৮৯**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচীর" আওতায় বিশেষ অনুদান সংক্রান্ত GUIDELINES FOR DIFFERENT PROGRAMMES UNDER SPECIAL ALLOCATION FOR SCIENCE AND TECHNOLOGY নীতিমালাটি গত মার্চ ২০১২ সালে সংশোধন করা হয়েছে। গাইডলাইনটি যুগোপযোগী করার লক্ষ্যে ডিজিটাল পদ্ধতিতে আবেদন করার সুযোগ তৈরির জন্য পিয়ার রিভিউ কমিটির সদস্যদের অন্তর্ভুক্ত করে নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

| ক্র: নং | নাম ও পদবি | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | জনাব মোহাম্মদ আকবর হুসাইন | অতিরিক্ত সচিব (বিঃপ্রঃ), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ২। | অধ্যাপক ড. সৈয়দ সাখাওয়াত হোসেন | পশু প্রজনন ও কৌলি বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. নীলুফার নাহার | রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ৪। | অধ্যাপক ডাঃ মোঃ বিল্লাল আলম | অধ্যক্ষ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা ও অধ্যাপক মেডিসিন বিভাগ | সদস্য |
| ৫। | অধ্যাপক ড. সৈয়দ হাফিজুর রহমান | পরিবেশ বিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা | সদস্য |
| ৬। | অধ্যাপক ড. মোঃ নূরুল আলম | পদার্থবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা | সদস্য |
| ৭। | অধ্যাপক ডাঃ এ কে এম খুরশিদুল আলম | ইউরোলজি বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ৮। | ড. মোহাম্মদ আসাদুজ্জামান চৌধুরী | যন্ত্রকৌশল বিভাগ, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর | সদস্য |
| ৯। | অধিশাখা-৯ এর কর্মকর্তা | উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**কর্মপরিধি :**

ক. Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) নীতিমালাটি পর্যালোচনা করবেন এবং ডিজিটাল পদ্ধতিতে আবেদন করার সুযোগ তৈরির জন্য বর্তমান গাইডলাইন সংশোধনের জন্য সুপারিশ প্রদান করবেন;

খ. সদস্য-সচিব হিসেবে অধিশাখা-৯ এর কর্মকর্তা কমিটির আহ্বায়কের সংগে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন;

গ. Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) নীতিমালাটি সংশোধন সংক্রান্ত সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**একেএম তারেক**
উপসচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ আষাঢ় ১৪২৫/১০ জুলাই ২০১৮

**নং ৩৮.০০.০০০০.০০৪.০৪.০২০.১৭-১৬৫**—যেহেতু, জনাব মোঃ এরশাদুল হক, উপজেলা শিক্ষা অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১০ সেপ্টেম্বর ২০১৭ তারিখের ৩৮.০০.০০০০.০০৪.০৪.০২০.১৭-২১৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, তিনি উক্ত বিভাগীয় মামলার লিখিত জবাব দাখিল করেন এবং আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানী প্রার্থনা করায় ২৫-১০-২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ক)-তে উল্লিখিত "নিম্নপদে অবনমিতকরণ" গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় একই বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত দ্বিতীয় কারণ দর্শানোর জবাব, তদন্ত প্রতিবেদন এবং মামলা সংশ্লিষ্ট যাবতীয় রেকর্ডপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) মোতাবেক "নিম্নপদে অবনমিতকরণ" গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণপূর্বক একই বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়-এর ২১ জুন ২০১৮ তারিখের ৮০.০০.০০০০.১১১.৩৪.০০১.২০১৮-১৯৮ নং স্মারকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে অর্থাৎ "নিম্নপদে অবনমিতকরণ" গুরুদণ্ড আরোপে একমত পোষণ করে মতামত প্রদান করেছেন;

সেহেতু, জনাব মোঃ এরশাদুল হক, উপজেলা শিক্ষা অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) [বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ক)]-মোতাবেক আদেশ জারির তারিখ হতে "নিম্নপদে অবনতিকরণ" অর্থাৎ উপজেলা শিক্ষা অফিসার (বেতন স্কেল ২২,০০০-৫৩,০৬০/- টাকা) পদ হতে নিম্নপদে সহকারী উপজেলা/সহকারী থানা শিক্ষা অফিসার (বেতন স্কেল ১৬,০০০-৩৮,৬৪০/- টাকা) পদে নামিয়ে দেয়ার গুরুদণ্ড আরোপ করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আসিফ-উজ-জামান**
সচিব।

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
**সরকারী কলেজ-৩ অধিশাখা**

**অফিস আদেশাবলি**

তারিখ : ২৪ আষাঢ় ১৪২৫/০৮ জুলাই ২০১৮

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৪.১৮-৩০৯**—যেহেতু, জনাব মোঃ মুসলিম সরদার, সহকারী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), পাটগ্রাম সরকারী জসমুদ্দিন কাজী আব্দুল গণি কলেজ, পাটগ্রাম, লালমনিরহাট এর বিরুদ্ধে চাঁদপুর মডেল থানায় দায়েরকৃত মামলায় তিনি একজন এজাহার ভুক্ত আসামী। গত ১৮-০৬-২০১৭ তারিখ হতে জেল হাজতে থাকায় তাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, পরবর্তীতে তিনি মামলা হতে অব্যাহতির জন্য সংশ্লিষ্ট আদালতে আবেদন করলে, গত ১৪-০৩-২০১৮ তারিখ বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, চাঁদপুর তাকে উক্ত মামলা হতে অব্যাহতি প্রদান করেন;

সেহেতু, মামনীয় আদালতের রায়ের পরিপ্রেক্ষিতে জনাব মোঃ মুসলিম সরদার, সহকারী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), পাটগ্রাম সরকারী জসমুদ্দিন কাজী আব্দুল গণি কলেজ, পাটগ্রাম, লালমনিরহাট এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক চাকরিতে পুনর্বহালসহ বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৮ শ্রাবণ ১৪২৫/২৩ জুলাই ২০১৮

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৩.১৮-৩৩০**—যেহেতু, জনাব মোঃ মনিরুজ্জামান (২৬০২৮), প্রভাষক (হিসাব বিজ্ঞান), ঝালকাঠী সরকারী কলেজ, ঝালকাঠী এর বিরুদ্ধে তার স্ত্রী জনাব লাবনী আক্তার-কে শারীরিক ও মানসিক নির্যাতনসহ তার পিতার নিকট থেকে ৫ (পাঁচ লক্ষ) টাকা যৌতুক চাওয়ার অভিযোগে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী/২০০৩) এর ১১ (গ) ধারায় ট্রাইব্যুনাল, নেত্রকোনা এ মামলা নং-৩৬১/১৭ তারিখঃ ০৪-০৬-২০১৭ দায়ের করে। পরবর্তীতে বিজ্ঞ বিচারক তাহা আমলে নিয়ে তার বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি করে এবং ০৮-০৭-২০১৮ তারিখে জেল হাজতে প্রেরণ করেন;

যেহেতু, জনাব মোঃ মনিরুজ্জামান-কে বি.এস.আর. (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg.VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ মোতাবেক ০৮-০৭-২০১৮ তারিখ হতে ভূতাপেক্ষভাবে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন;

সেহেতু, জনাব মোঃ মনিরুজ্জামান (২৬০২৮), প্রভাষক (হিসাব বিজ্ঞান), ঝালকাঠী সরকারী কলেজ, ঝালকাঠী-কে বি.এস.আর. (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg.VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী ০৮-০৭-২০১৮ তারিখ থেকে ভূতাপেক্ষভাবে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। প্রচলিত নিয়মে তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন খোরপোষ ভাতা পাবেন।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহরাব হোসাইন**
সচিব।

---

**বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়**
**পর্যটন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ জুলাই ২০১৮ খ্রিঃ

**নং ৩০.০১৫.০১৮.০০.০০.০৪১.২০০৩-২৬৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জনাব আবুল হাসনাত মোঃ জিয়াউল হক অতিরিক্ত সচিব এর স্থলে জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া, প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড (হিল) এর পরিচালনা পর্ষদে পরিচালক পদে নিয়োগ প্রদান করিলেন।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অঞ্জনা খান মজলিশ**
উপ-সচিব।

**বিমান শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ শ্রাবণ ১৪২৫/২৫ জুলাই ২০১৮

**নং ৩০.০০.০০০০.০১৭.১৮.০০৫.১৭-৪৪২**—প্রধানমন্ত্রীর কার্যালয়ে ১ জুলাই ২০১৮ তারিখে অনুষ্ঠিত হজ্জ সংক্রান্ত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে হজ্জযাত্রী পরিবহন কার্যক্রম-২০১৮ সুষ্ঠুভাবে বাস্তবায়ন ও মনিটরিংয়ের জন্য নিম্নোক্তভাবে কমিটি পুনঃগঠন করা হলো :

**আহ্বায়ক**

১. জনাব মিজানুর রহমান, অতিরিক্ত সচিব (পরিকল্পনা), এ মন্ত্রণালয়।

**কো-চেয়ার**

২. জনাব মোঃ আজিজুর রহমান, মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

**সদস্যবৃন্দ**

৩. যুগ্ম-সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

৪. যুগ্ম-সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৫. পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর

৬. পরিচালক, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

৭. জনাব নূরুল আলম, পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৮. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড।

৯. প্রতিনিধি, সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স

১০. সভাপতি/সাধারণ সম্পাদক, হাব

১১. সভাপতি/সাধারণ সম্পাদক, আটাব

**সদস্য-সচিব**

১২. পরিচালক (হজ্জ), আশকোনা, ঢাকা

**কার্যপরিধি :**

(১) হজ্জ ফ্লাইটের টিকেট বিক্রয় ও ভিসা প্রাপ্তির লক্ষ্যে সুনির্দিষ্ট কর্মপন্থা নির্ধারণ ও বাস্তবায়ন করে প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করবে;

(২) হজ্জ ফ্লাইট মনিটরিং ও পরিচালনায় সহায়তা করবে;

(৩) হজ্জ এজেন্সিসমূহের নিকট সরাসরি টিকেট বিক্রয় নিশ্চিত করবে;

(৪) হজ্জ ক্যাম্পে হাজীদের প্রয়োজনীয় সহায়তা প্রদান এবং নির্ধারিত তারিখে হাজীদের বিমানবন্দরে প্রেরণ ও ইমিগ্রেশন প্রভৃতি কাজে সহায়তা করবে; এবং

(৫) কমিটি প্রতি সপ্তাহের রবিবার সভায় মিলিত হয়ে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করবে। বাস্তবায়ন অগ্রগতি সোমবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবেরা আক্তার**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**অধিগ্রহণ-২**
**এল. এ কেস নং-০৪(বি)/৭৭-৭৮**
**"ঘোষণা পত্র"**
**(ফরম নং-"ঘ")**

**সম্পত্তির হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ।**

তারিখ : ২২ জুলাই ২০১৮ খ্রিঃ

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৪৩.১৪-১৯২**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ১৩(৩) ধারা মোতাবেক ২১-০৭-১৯৭৭ খ্রিস্টাব্দ এর আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে। যেহেতু উক্ত সম্পত্তি হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারার ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত হুকুম দখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা ঃ বরিশাল, উপজেলা ঃ বরিশাল সদর, মৌজা ঃ হোগলা, জেএল নং-২৪

দাগ নং (আংশিক) : ৩৫০, ৩৫৫, ৩৫৬, ৩৫৭, ৩৫৮, ৩৫৯, ৩৬০, ৩৬১ ও ৩৬২

মোট জমির পরিমাণ: ১.১২ একর।

ভূমি নক্সা বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ের এল. এ. শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামরুল হাসান খান**
যুগ্মসচিব।

---

**এল. এ কেস নং-১১(W)/৭৭-৭৮**
**"ঘোষণা পত্র"**
**(ফরম নং-"ঘ")**
**সম্পত্তির হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ।**

তারিখ : ২২ জুলাই ২০১৮ খ্রিঃ

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৪৩.১৪-১৯২**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ১৩(৩) ধারা মোতাবেক ২৭-০৯-১৯৭৭ খ্রিস্টাব্দ এর আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে। যেহেতু উক্ত সম্পত্তি হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারার ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত হুকুম দখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা ঃ বরিশাল, উপজেলা ঃ গৌরনদী, মৌজা ঃ কান্ডপাশা, জেএল নং-১৮৫

দাগ নং (আংশিক) : ১২৫০, ১২৫৪, ১২৫৮, ১২৫৯, ১২৬০, ১২৭২, ১২৭৩, ১২৭৬, ১২৭৭, ১৪১১, ১৪১২, ১৪১৭, ১৪১৮, ১৪১৯, ১৪২০, ১৫১৪, ১৫১৭, ১৫১৮, ১৫১৯, ১৫২০, ১৫২১, ১৫২৩, ১৫২৪, ১৫২৫, ১৫২৬, ১৫৩৫, ১৬৩৯, ১৬৪০, ১৬৪১, ১৬৪২, ১৬৫৯, ১৮৫৮, ১৮৬০, ১৮৬৩, ১৮৭১, ১৮৭২, ১৮৮২, ১৮৮৩, ১৮৮৬, ১৮৮৭, ১৯৫৮, ১৯৫৯ ও ১৯৬৫।

মোট জমির পরিমাণ: ৬.০৪ একর।

ভূমি নক্সা বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ের এল. এ. শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামরুল হাসান খান**
যুগ্মসচিব।

---

**এল. এ কেস নং-৩০(W)/৭৭-৭৮**
**"ঘোষণা পত্র"**
**(ফরম নং-"ঘ")**
**সম্পত্তির হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ।**

তারিখ : ২২ জুলাই ২০১৮ খ্রিঃ

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৪৩.১৪-১৯২**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ১৩(৩) ধারা মোতাবেক ০৯-১১-৭৭ খ্রিস্টাব্দ এর আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে। যেহেতু উক্ত সম্পত্তি হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারার ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত হুকুম দখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা ঃ বরিশাল, উপজেলা ঃ উজিরপুর, মৌজা ঃ রাজাপুর, জেএল নং-০৪

দাগ নং (আংশিক) : ৫০৩, ৫০৪, ৫১৩, ৫১৬, ৫১৭, ৫১৮, ৫২১, ৫২৮, ৫৩১, ৫৩২, ৫৩৭, ৫৩৮, ৫৪০, ৫৪১, ৫৪২, ৫৭৭, ৫৭৮, ৫৮০, ৫৮২, ৫৮৩, ৭৭১, ৭৭৭, ৭৮৬, ৭৮৮, ৭৮৯, ৭৯০, ৭৯৪, ৭৯৯, ৮০০, ৮০২ ও ৯৮৩।

মোট জমির পরিমাণ: ৫.৬০ একর।

ভূমি নক্সা বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ের এল. এ. শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামরুল হাসান খান**
যুগ্মসচিব।

**এল. এ কেস নং-১২(W)/৭৭-৭৮**
**"ঘোষণা পত্র"**
**(ফরম নং-"ঘ")**

**সম্পত্তির হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ।**

তারিখ : ২২ জুলাই ২০১৮ খ্রিঃ

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৪৩.১৪-১৯২**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ১৩(৩) ধারা মোতাবেক ০৮-০৯-১৯৭৯ খ্রিস্টাব্দ এর আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে। যেহেতু উক্ত সম্পত্তি হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারার ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত হুকুম দখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা ঃ বরিশাল, উপজেলা ঃ গৌরনদী, মৌজা ঃ বেতগার্ভা, জেএল নং-১৯৭

দাগ নং (পূর্ণ) : ৩২৭, ৩৩০, ৩৩৯, ৩৪২, ৩৪৩, ৩৪৪ ও ৩৪৫।

দাগ নং (আংশিক): ১২১, ১২২, ১২৩, ১২৪, ১২৫, ২৪৫, ২৪৬, ২৪৭, ২৪৯, ২৭৯, ২৮০, ২৮৩, ২৮৪, ২৮৬, ২৮৭, ২৮৮, ২৮৯, ৩১৯, ৩২০, ৩২১, ৩২২, ৩২৩, ৩২৫, ৩২৬, ৩২৮, ৩২৯, ৩৩১, ৩৩৩, ৩৩৭, ৩৩৮, ৩৪০, ৩৪১, ৩৪৬, ৩৪৭ ও ৩৪৮।

মোট জমির পরিমাণ: ৫.৫৬ একর।

ভূমি নক্সা বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ের এল. এ. শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামরুল হাসান খান**
যুগ্মসচিব।

---

**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**
**সংস্থা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/২৫ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ১৬.০০.০০০০.০০৪.০৪.০২৭.১৩-২৯১**—বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট আইন ২০১৮-এর ৫নং ধারা অনুযায়ী সরকার নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের সমন্বয়ে বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের বোর্ড অব ট্রাস্টি পুনর্গঠন করলেন :

| | | |
|---|---|---|
| (১) | চেয়ারম্যান (পদাধিকার বলে) | মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| (২) | সিনিয়র ভাইস চেয়ারম্যান-১ | জনাব মোঃ মাহবুব আলী, সংসদ সদস্য, ২৪২ হবিগঞ্জ-৪ |
| (৩) | সিনিয়র ভাইস চেয়ারম্যান-২ | বেগম ফিরোজা বেগম (চিনু), সংসদ সদস্য, ৩৩৩ মহিলা আসন-৩৩ |
| (৪) | ভাইস চেয়ারম্যান | মিঃ সুপ্ত ভূষন বড়ুয়া, রোড-১০/এ, বাসা নং-২৩৬/২, ধানমন্ডি, ঢাকা |
| (৫) | ট্রাস্টি (পদাধিকার বলে) | মাননীয় সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| (৬) | ট্রাস্টি | মিঃ দয়াল কুমার বড়ুয়া, গ্রাম-ঢেমসা, ডাক-ডেমসা, সাতকানিয়া, চট্টগ্রাম |
| (৭) | ট্রাস্টি | মিসেস বাসন্তি চাকমা, সদর খাগড়াছড়ি |
| (৮) | ট্রাস্টি | মিঃ দীপক বিকাশ চাকমা, সদর রাঙ্গামাটি |
| (৯) | ট্রাস্টি | মিঃ মং ক্য চিং চৌধুরী, সাবেক চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা |
| (১০) | ট্রাস্টি | খে মংলা রাখাইন, তালতলী, বরগুনা |
| (১১) | ট্রাস্টি | এড. দীপংকর বড়ুয়া পিন্টু, এস. এম. ম্যানশন, নাজিন সিরাজ আহমেদ সড়ক, ১০ নং ওয়ার্ড, কক্সবাজার পৌরসভা, কক্সবাজার। |
| (১২) | ট্রাস্টি | মি. ডালিম কুমার বড়ুয়া, বাড়ি নং-১৮/১-১৯, গার্ডেন রোড, কাজীপাড়া, পান্থপথ, গার্ডেন ভিউঃ ফ্ল্যাট-২০২, ব্লক-ডি (৩য় তলা), ঢাকা। |

২। বোর্ড অব ট্রাস্টির মেয়াদকার প্রজ্ঞাপন জারীর তারিখ হতে ৩ (তিন) বছর পর্যন্ত বলবৎ থাকবে।

৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরকার যে কোন ট্রাস্টির নিয়োগ বাতিল করতে পারবেন। অনুরূপভাবে কোন ট্রাস্টি ইচ্ছা করলে বোর্ড অব চেয়ারম্যান বরাবর তাঁর পদত্যাগপত্র পেশ করতে পারবেন।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস. এম. মনিরুজ্জামান**
সহকারী সচিব।

**শিল্প মন্ত্রণালয়**
**পরিকল্পনা-৩ শাখা**

**সংশোধিত প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ শ্রাবণ ১৪২৫ বঃ/২৩ জুলাই ২০১৮ খ্রিঃ

**নং ৩৬.০০.০০০০.০৮৪.১৪.০০৩.২০১৭-২৪৩**—শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে বিসিক কর্তৃক বাস্তবায়নাধীন "বিসিক শিল্প পার্ক সিরাজগঞ্জ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় মাটি ভরাট ও ডাইক নির্মাণ কাজটি সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) সম্পন্ন করার জন্য প্রাপ্ত টেন্ডার এর আর্থিক প্রস্তাব মূল্যায়ন ও নেগোশিয়েশনের নিমিত্ত ৭ (সাত) সদস্য বিশিষ্ট নিম্নোক্ত টেন্ডার কমিটি গঠন করা হ'ল :

ক) **টেন্ডার কমিটি :**

**সভাপতি**

১. চেয়ারম্যান বিসিক, ঢাকা

সদস্যবৃন্দ

২. পরিচালক (প্রকল্প), বিসিক, বিসিক, ঢাকা

৩. শিল্প মন্ত্রণালয়ের পরিকল্পনা অনুবিভাগের একজন উপযুক্ত কর্মকর্তা

৪. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা এর নির্বাহী প্রকৌশলী সমমানের একজন কর্মকর্তা

৫. বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) ঢাকা এর নির্বাহী প্রকৌশলী সমমানের একজন কর্মকর্তা

৬. নির্বাহী প্রকৌশলী, বিসিক শিল্প পার্ক, সিরাজগঞ্জ

সদস্য-সচিব

৭. প্রকল্প পরিচালক, বিসিক শিল্প পার্ক, সিরাজগঞ্জ

**উক্ত কমিটির কার্যপরিধি :**

ক) এ কিমিট সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) প্রাপ্ত টেন্ডার এর আর্থিক প্রস্তাব যাচাই-বাছাই, মূল্যায়ন ও নেগোশিয়েশন করে সুপারিশ প্রদান করবে।

খ) কমিটি কর্তৃক আহত প্রতিটি সভার কার্যবিবরণী যথাযথভাবে জারি করতে হবে।

গ) কমিটি সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) 'সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'তে উপস্থাপনের জন্য ক্রয় প্রস্তাব দাখিল করবে।

ঘ) পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ এর বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফররুখ আহম্মদ**
সিনিয়র সহকারী প্রধান।